

26 আগস্ট 2016

প্রিয় RAUC কমিউনিটি,

Rindge Avenue Upper Campus এর পরবর্তী প্রধান হিসাবে আপনাদেরকে লিখতে পারা সন্মানের বিষয়। নেতৃত্বের পরিবর্তনের কারণে কমিউনিকটিকে শক্তিশালী করার পাশাপাশি এলাকা বৃদ্ধির ক্ষেত্রে বিরাম ও প্রতিফলনের সুযোগ দেয়। আমি আপনাদের সঙ্গে কাজ করার অপেক্ষায় আছি।

ইতিমধ্যেই আপনারা জানেন যে আমি এই পদে স্কুল ও ডিস্ট্রিক্টের ভালো করার ইচ্ছায় যোগ দিচ্ছি, গত বছর কয়েক মাস ধরে অন্তর্বর্তীকালীন প্রধান হিসেবে কাজ করেছি এবং গত কুড়ি বছরের বেশী সময় ধরে মিডল স্কুলের শিক্ষক এবং ডিস্ট্রিক্টের ইনস্ট্রাকশনাল কোচ হিসেবে কাজ করেছি। আমি যা জানি তা আমাকে অনুপ্রাণিত করে: আমাদের শিক্ষকরা দক্ষ এবং শিক্ষার্থীদেরকে পরিষেবা দিতে প্রতিশ্রুতিবদ্ধ; আমাদের পরিবারবর্গও সম্পৃক্ত ও সমর্থন জোগায়। পঞ্চম বর্ষে আপার স্কুল প্রোগ্রামে মিডল গ্রেডের জন্য ডিস্ট্রিক্ট পাঠ্যক্রম এবং প্রশাসনিক সহায়তার পরিকাঠামোগুলো ভালোভাবে প্রতিষ্ঠিত এবং সমতা ও অ্যাকাডেমিক উৎকর্ষতার ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়। যেসব ক্ষেত্রে সর্বদা উন্নতির জায়গা রয়েছে সেইসব ক্ষেত্রে আমি নিজে থেকেই প্রথমে প্রয়োজনীয় কাজ ও সামঞ্জস্য করব। এই বিস্তৃত কমিউনিটি শিক্ষার্থীর শিক্ষণ সামনে এগিয়ে নিয়ে যাওয়া অব্যাহত রাখবে বলে আমার গভীর আস্থা আছে।

স্কুলের প্রধান হিসেবে নির্বাচিত হওয়ার পর, আমি তথ্য একত্রিত করা, কথোপকথন শুরু করা এবং আমাদের একসঙ্গে নির্ধারণ করা অগ্রাধিকারের বিষয়ে কর্মীদের সঙ্গে সম্পৃক্ত হতে ডিস্ট্রিক্ট থাকার সুবিধা নিয়েছি। সাধারণ উদ্দেশ্যের দৃঢ় অনুভূতির ক্ষেত্রে বৃহত্তর সংস্কৃতি দৃঢ় ভিত্তির জন্য কর্মীদের সঙ্গে পৃথক পৃথক সাক্ষাত থেকে একটি স্পষ্ট সাধারণ পাওয়াই ছিল লক্ষ্য। এই লক্ষ্যটি সমীক্ষার ফলাফল থেকে প্রাপ্ত, যেখানে কর্মীরা স্কুলের মূল নীতিগুলি আবার পরিদর্শনের বিষয়টিকে অগ্রাধিকার দিয়েছে; তারা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন যে তারা চান এইসব মূল নীতি চয়ন করার ক্ষেত্রে শিক্ষার্থী ও পরিবারবর্গও অংশগ্রহণ করুক। কিভাবে আমাদের শেয়ারকৃত মূল নীতিগুলো স্কুলের সংস্কৃতির উপর প্রভাব ফেলতে পারে ও সমস্ত শিক্ষার্থীর কৃতিত্বের উন্নতি করতে পারে তার প্রমাণ আমি দেখেছি। তারা ধ্রুবক পরিণত হয়েছে, যার মাধ্যমে ডেটা ও অনুশীলনের বিশ্লেষণ করা হয় ও সিদ্ধান্ত নেওয়া হয়। এই গুরুত্বপূর্ণ কাজে কর্মী ও RAUC কমিউনিটির সঙ্গে যুক্ত হওয়ার জন্য মুখিয়ে আছি।

আমার বসন্তের কার্যকলাপের থেকে প্রাপ্ত শিক্ষার দ্বারা চালিত হয়ে এবং ডিস্ট্রিক্ট সহকর্মীদের সহায়তা পেয়ে আমি আসন্ন স্কুল শিক্ষাবর্ষের জন্য একটি এন্ড্রি প্ল্যানের বিকাশ করেছি। পরিকল্পনাতে স্কুল সম্প্রদায় সম্পর্কে আমার উপলব্ধির গভীরতা পাশাপাশি সময় অনুসারে লক্ষ্য পৌঁছাতে আমি যে পদক্ষেপগুলো নেব সেই অনুসারে লক্ষ্যগুলো সম্পর্কে বলা আছে। সময়ক্রমে ইতিমধ্যেই নেওয়া পদক্ষেপগুলো অন্তর্ভুক্ত রয়েছে। পরিশেষে, যৌথ অভিজ্ঞতার জন্য স্কুল কমিউনিটির সদস্যদের সঙ্গে আমি কি শিখেছি তা কখন ও কিভাবে আমি শেয়ার করব তা এন্ড্রি প্লানে বলা আছে।

আপনাদের যাদেরকে আমি চিন, তাদের সঙ্গে আমি আবার সাক্ষাতে অপেক্ষায় আছি। RAUC কমিউনিটিতে যারা নতুন, তাদের সঙ্গে সাক্ষাতের জন্য আমি উন্মুখ হয়ে আছি। নতুন শিক্ষাবর্ষে নবীনদের জানায় শুভেচ্ছা!

বিনীত,

Julie Craven

## Julie Craven, Rindge Avenue Upper Campus 2016-17 এন্ট্রি প্ল্যান

### শিক্ষাবর্ষে যেসব বিষয়ে জোর দেওয়া হচ্ছে:

RAUC কমিউনিটি হিসেবে আমরা কারা এবং সমস্ত শিক্ষার্থীর জন্য অ্যাকাডেমিক উৎকর্ষতা এবং সামাজিক ন্যায়বিচারের সমর্থন করতে গভীর সংস্কৃতির মাধ্যমে আমরা কিভাবে কাজ করি?

### বিস্তৃত লক্ষ্য:

- RAUC মূল নীতিগুলো শনাক্ত করুন এবং শিক্ষার্থীদের কৃতিত্ব ও সামাজিক ন্যায়বিচারের সমর্থনে তাদের বাস্তবায়নের জন্য কার্ঠামো/অনুশীলন বিকাশ করুন
- কর্মীদের মধ্যে সংস্কৃতি তৈরি করুন, পেশাদার ও সহযোগিতার সংস্কৃতির সমর্থন করুন
- স্কুল ও পরিবারের অংশীদারিত্ব বুনুন ও শক্তিশালী করে তুলুন
- সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণের কার্ঠামো বুনুন ও শক্তিশালী করে তুলুন: ইনস্ট্রাকশনাল লিডারশিপ টিম (ILT), স্টুডেন্ট সাপোর্ট টিম (SST), RAUC এর পরিবারবর্গ (FRAUC), স্কুল কাউন্সিল

### কর্মীদের সঙ্গে 1:1 সাক্ষাতের প্রণাবলী:

- RAUC কে আপনি কতটা গুরুত্ব দেন?
- পরবর্তী স্কুল শিক্ষাবর্ষে স্কুল ও আপনার নিজের সম্পর্কে কি আশা করছেন?
- আপনার কাছে যদি একটি শিক্ষার্থীর কোনো কাজ আবার করার সুযোগ থাকে তাহলে সেটা কি এবং কেন?
- কেন পড়াবেন?
- যখন আপনি পড়াচ্ছেন না, তখন কি করতে ভালোবাসেন?

### গ্রেড-লেভেল পরিচর্যাকারীর মিটিংয়ের জন্য প্রণাবলী:

- RAUC কে আপনি সর্বোচ্চ কতটা গুরুত্ব দেন?
- আপনার শিশু যে ক্লাসে সবচেয়ে বেশী সফল বলে আপনার মনে হয়েছে সেই ক্লাসের কথা ভাবুন। “সফলতা” মানে কি? ক্লাসের সেই বিষয় সম্পর্কে জানান যা আপনার শিশুকে সফলতা পেতে সাহায্য করেছে।
- স্কুলের সঙ্গে আপনার ইন্টারেকশনের ক্ষেত্রে কোন বিষয়টি ভালোভাবে কাজ করেছে?
- স্কুল-পরিবারের অংশীদারিত্ব আরো শক্তিশালী করার বিষয়ে আপনি কেমন সুযোগ দেখতে পাচ্ছেন?

### গ্রেড লেভেল স্টুডেন্ট ফোকাস গ্রুপের জন্য প্রণাবলী:

- RAUC সম্পর্কে কোন বিষয়টি আপনার সবচেয়ে ভালো লাগে?
- RAUC সম্পর্কে আপনি আমাকে কি জানাতে চান?
- যে ক্লাসে সবচেয়ে বেশী সফল বলে আপনার মনে হয়েছে সেই ক্লাসের কথা ভাবুন। “সফলতা” মানে কি? ক্লাসের সেই বিষয় সম্পর্কে জানান যা আপনাকে সফলতা পেতে সাহায্য করেছে।
- শিশুরা একে অপরের সঙ্গে কেমন আচরণ করে সেই সম্পর্কে 1-5 এর স্কেলে জানান? আপনার রোটিং ব্যাখ্যা করুন।

- লোকেৱা কি বলবে তা না ভেবে ক্লাসে আপনাব আইডিয়া শেয়াৰ করা কতটা নিরাপদ বলে আপনি মনে করেন সেই সম্পর্কে 1-5 এর স্কেলে জানান? আপনাব রেটিং ব্যাখ্যা করুন।